সার্কুলার নং- বিজিএ/এমআইএস /২০২৬/ ২২৫ ২৪ আগস্ট ২০২৬

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় ঃ সম্পূর্ন অনলাইন ভিত্তিতে Certificate of Origin (CoO) আবেদন দাখিল প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতিমধ্যে আপনাদের সকলের আন্তরিক সহযোগিতায় বিজিএমইএ হতে ইউডি, ইউডি সংশোধনী ও রপ্তানী আদেশ সমুহ ও ফ্রি অব কস্ট (FOC), মেশিনারিজ সার্টিফিকেট (MC) এবং সেই সাথে সকল সেবা ফি অনলাইনে গ্রহন ও প্রদান করা সম্পূর্ন ভাবে সম্ভবপর হয়েছে।

বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদ দ্বায়িত্ব গ্রহন করার পর সদস্য প্রতিষ্ঠান সমূহকে স্বল্প সময়ে সেবা প্রদান করার লক্ষ্যে Certificate of Origin (CoO) আবেদন প্রচলিত পদ্ধতির আংশিক Online এর পরিবর্তে সম্পূর্ন Online এ করার সিদ্বান্ত গ্রহন করা হয়েছে।

সদস্য প্রতিষ্ঠানসমূহ ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত Certificate of Origin (CoO) অনলাইনের পাশাপাশি প্রচলিত পদ্ধতির আংশিক অনলাইনে আবেদন করতে পারবেন। তবে আগামী ১ সেপ্টেম্বর ২০২৬ হতে সম্পূর্ন অনলাইনে প্রেরন ব্যতীত কোন আবেদন গ্রহন করা হবে না। এক্ষেত্রে বিজিএমইএ-এর ইউডি সিষ্টেম এর ইউজার আইডি পাসওয়ার্ড ব্যবহার করে Certificate of Origin (CoO) সেবা গ্রহন করতে পারবেন।

এ ব্যাপারে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব